দামুড়হুদায় মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে লোকমোর্চার এ্যাডভোকেসি ও লবি সভা

দামুড়হুদায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান এর সাথে উপজেলা লোকমোর্চার উদ্যোগে এ্যাডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

ওয়েভ ফাউন্ডেশন এর সামাজিক সুরক্ষা কর্মসুচি প্রকল্প (এসপিপিএস) এর আওতায় উপজেলা লোকমোর্চার সদস্যগণ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এর সাথে প্রদত্ত বিভিন্ন ভাতা প্রদানের যাচাই-বাছাই কমিটিতে লোকমোর্চার প্রতিনিধি যুক্ত করণ ও ভাতার দাবী নিয়ে এডভোকেসি ও লবি সভা অনুষ্ঠিত হয়।

লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী’র সভাপতিত্বে সভার প্রধান অতিথি ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। এসময় উপস্থিত ছিলেন উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি সেলিনা আক্তার, পরিবেশ বিষয়ক সম্পাদক মোজাম্মেল শিশির, প্রচার সম্পাদক হাবিবুর রহমান, উপজেলা লোকমোর্চার নির্বাহী সদস্য মাকসুদুর রহমান রতন, মিরাজুল ইসলাম মিরাজ, আরিফুল ইসলাম মিলন, রকিবুল হাসান তোতা, মশিউর রহমান প্রমূখ।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।